



জাতীয় প্রেস ক্লাবের সাবেক সভাপতি শওকত মাহমুদ গ্রেফতার



সংগৃহীত ছবি

জাতীয় প্রেস ক্লাবের সাবেক সভাপতি এবং জনতা পার্টি বাংলাদেশের মহাসচিব শওকত মাহমুদকে রবিবার বিকেলে তার বাসার সামনে থেকে গ্রেফতার করা হয়েছে। রবিবার (৭ ডিসেম্বর) বিকেলে শওকত মাহমুদকে ডিবি পুলিশ তার নিজ বাসা থেকে আটক করে। ডিবি প্রধান শফিকুল ইসলাম গণমাধ্যমকে নিশ্চিত করেছেন যে, গ্রেফতারটি একটি পুরনো মামলার ভিত্তিতে করা হয়েছে।

ডিএমপি'র গণমাধ্যম ও জনসংযোগ বিভাগের উপকমিশনার মুহাম্মদ তালেবুর রহমান জানান, শওকত মাহমুদকে কোন মামলায় এবং কোথা থেকে গ্রেফতার করা হয়েছে, তা শিগগিরই বিস্তারিতভাবে জানানো হবে।

গত এপ্রিলে 'জনতা পার্টি বাংলাদেশ' নামে একটি নতুন রাজনৈতিক দল গঠন করা হয়। দলের চেয়ারম্যান হচ্ছেন চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চন, আর মহাসচিবের দায়িত্বে আছেন শওকত মাহমুদ। এর আগে শওকত মাহমুদ বিএনপি'র ভাইস চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছিলেন।